তারিখ ... 14 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮ ...

কালের কণ্ঠ

# শিক্ষার্থীদের ভ্যাটবিরোধী আন্দোলনে ছাত্রলীগের সমর্থন চায় ছাত্রদল

নিজস্ব প্রতিবেদক

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভ্যাটবিরোধী চলমান আন্দোলনে ছাত্রলীগকে সমর্থন দেওয়ার আহ্বান জানিয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল। গতকাল রবিবার সংগঠনের দপ্তর সম্পাদক আবদুস সাত্তার পাটোয়ারী স্বাক্ষরিত এক বিবৃতিতে ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মামুনুর রশিদ মামুন ও সাধারণ সম্পাদক আকরামুল হাসান এই আহ্বান জানিয়েছেন।

ছাত্রদলের এই দুই শীর্ষ নেতা বলেন, 'আমরা খুব উদ্বেগের সঙ্গে লক্ষ করছি, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের চলমান ভ্যাটবিরোধী আন্দোলনে নানাভাবে বাধার সৃষ্টি এবং কোনো কোনো ক্ষেত্রে ছাত্রলীগের আক্রমণের ঘটনাও ঘটছে। দলমত নির্বিশেষে দেশের আপামর মানুষ যখন শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে একাত্মতা প্রকাশ করছে, তখন ছাত্র সংগঠন হিসেবে ছাত্রলীগ তাতে সমর্থন না দিয়ে তাদের দেউলিয়াত্বই প্রমাণ করছে।